# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

**বিষয়** : চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের জন্য গঠিত **'ইনোভেশন টিম'** কর্তৃক গৃহীত বাৎসরিক কর্মপরিচালনা সমূহের অগ্রগতি পর্যালোচনা, নতুন কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়িত কর্মপরিকল্পনা সমূহের অগ্রগতির প্রতিবেদন চাহিদা মত নৌ-পম, এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণীঃ-

**সূত্র** : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৮৩১.০৬.০০৯.১৬.৩১৮, তাং;- ২৮/১২/২০১৬ ইং

**সভার তারিখ** : **১২/০৭/২০২৩ইং** রোজ বুধবার, সময়- সকাল **১১.০০ ঘটিকা।**

**সভার স্থান** : সদস্য(এএন্ডপি) মহোদয়ের কক্ষ ।

**ভূমিকা** : মন্ত্রিপরিষদ বিভাগ হতে নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের মাধ্যমে উদ্ভাবনী কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে মন্ত্রনালয়/ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থা সমূহে ইনোভেশন টিমের বাৎসরিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি নতুন কর্মপরিকল্পনা গ্রহণ ও প্রতিমাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সহ নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাধ্যমে চাহিদা অনুসারে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করণের নিমিত্তে গত ২০২২-২৩ অর্থ বছরের উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটালাইজকৃত সেবা সংক্রান্ত এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় চবক এর ইনোভেশন টিমের নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেনঃ-

১। জনাব মোঃ হাবিবুর রহমান (যুগ্ম সচিব) - সদস্য(এএন্ডপি) - ইনোভেশন অফিসার ।
২। জনাব মোহাম্মদ মাহাবুব মোর্শেদ চৌধুরী - পরিকল্পনা প্রধান - সদস্য ।
৩। জনাব মোঃ একরাম চৌধুরী - সিস্টেমস এনালিষ্ট - সদস্য ।
৪। জনাব মোঃ আজিজুল মওলা - সিনিয়র পারসোনেল অফিসার - সদস্য ।
৫। জনাব মোঃ সোহরাব হোসেন - প্রকিউরমেন্ট অফিসার - সদস্য।
৬। জনাব মোঃ হেলাল - হিসাব রক্ষণ কর্মকর্তা - সদস্য।
৭। জনাব সৈয়দ রেফায়েত হামিম - সহকারী কারখানা অধিক্ষক-০১ - সদস্য ।
৮। জনাব মুহাম্মদ শিহাব উদ্দিন - সহকারী ব্যবস্থাপক (ভূমি) - সদস্য ।
৯। জনাব মোঃ ওয়াকার খান - সিনিয়র কম্পিউটার অপারেটর - সদস্য - সচিব ।
১০। জনাব হাসান মোঃ আবু হান্নান - সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর - সহায়তাকারী ।

**আলোচনাঃ** বিষয়োক্ত ব্যাপারে অদ্য- **১২/০৭/২০২৩ইং** তারিখে সদস্য(এএন্ডপি) মহোদয়ের কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এর নির্দেশনা ও বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি ২০২২-২৩ এবং নৌ-পম এর সিদ্ধান্ত মোতাবেক গত ২০২২-২৩ অর্থবছরের উদ্ভাবনী কার্যক্রম, সহজীকৃত ও ডিজিটালাইজকৃত সেবা সমূহের অগ্রগতি ও বাস্তবয়ন সংক্রান্ত পর্যালোচনা সভায় বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক বাস্তবায়নকৃত বিষয় সমূহের অগ্রগতির উপর বিস্তারিত আলোচনা করা হয়।

| ক্রঃ | ইনোভেশন কাজ | কাজের বিবরণ (উপকারিতা ও উপকারভোগী) | বাস্তবায়নের সময় কাল | বাস্তবায়নে | বাস্তবায়নের বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|---|
| ১ | Online Shipping Agent License Enlistment and Renewal System. | উক্ত সিস্টেমের মাধ্যমে শিপিং এজেন্টগণ অনালাইনের মাধ্যমেই চট্টগ্রাম বন্দরে তালিকাভুক্তি ও নবায়ন এর আবেদন করতে পারবেন। ফলে উক্ত তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রমটি অধিক সহজতর হবে। | ২০২২-২৩ | কম্পিউটার সেন্টার | সফটওয়্যারটি তৈরির কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং সেবাটি অবিলম্বে কমিশনিং/ বাস্তবায়নের উপর তাগিদ প্রদানের জন্য অর্থ ও হিসাব বিভাগকে অবহিত করতে হবে। |
| ২ | Easy Health Service (EHS) | Easy Health Service (EHS) সিস্টেমটি চালু করা হলে চবক হাসপাতালের চিকিৎসা সেবা গ্রহণে জটিলতা থেকে রোগীরা মুক্তি পাবে এবং সেবা পদ্ধতি সহজতর হবে। এর মাধ্যমে নিজেই বুথ থেকে এন্ট্রি নম্বর নিতে পারবে এবং নিয়মিত রোগীরা (ডায়াবেটিস/প্রেসার/অন্যান্য) বুথ থেকে এন্ট্রি নম্বর নেওয়ার পর সরাসরি ওষুধ সংগ্রহ করতে পারবে। এতে করে নিয়মিত রোগীদের সাথে সাথে অন্য রোগীদেরও সময় সাশ্রয় হবে। উক্ত সিস্টেমটি চালু করা হলে বর্তমানে রোগীদের চিকিৎসা সেবা গ্রহণের যে সকল ধাপ সমূহ সমস্যা সৃষ্টি করে থাকে সে সকল ধাপ সমূহ কমে যাবে এবং রোগীদের সেবা প্রদান পদ্ধতি সহজতর হবে, এতে করে রোগীদের কমপক্ষে প্রায় ৩০% অপেক্ষমান সময় সাশ্রয় হবে। জন্ম সনদ, মৃত্যু সনদ, সিক মেমো, রোগীর প্যাথলজি রিপোর্ট সহ অন্যান্য রোগ সংক্রান্ত যাবতীয় তথ্য রোগীরা নিজেই অনলাইন থেকে সংগ্রহ করতে পারবে। Hospital Apps, Tele Medicine Video, Mobile Alert ইত্যাদি সেবা সমূহ উক্ত সিস্টেমের অন্তর্ভুক্ত হবে। | ২০২২-২৩ | চিকিৎসা বিভাগ | EHS Software টি যথাসময়ে তৈরি করা সম্ভব হয়নি। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩ | Personal Management Information System (PMIS) | এছাড়াও মন্ত্রণালয়/বন্দর এর চাহিদা মোতাবেক অনুমোদিত, বিদ্যমান ও শূন্য পদের বিবরণ, কর্মরত জনবলের লিঙ্গভিত্তিক বিভাজন, কর্মরত মুক্তিযোদ্ধা কর্মচারীদের বিবরণ, মাসিক প্রতিবেদন ছক ইত্যাদি সহজে ও সঠিকভাবে পাওয়া যাবে। এতে সরকারের ডিজিটালাইজেশন এর মাধ্যমে নাগরিক সেবা প্রদান সহজ হবে। | ২০২২-২৩ | প্রশাসন বিভাগ | এটি প্রকল্পের আওতাভুক্ত বিধায় ইনোভেশন কার্যক্রম হিসেবে গন্য করা হবে না। এছাড়া, সেবাটি প্রকল্পের আওতায় সমাপ্ত করার পরেও উক্ত PMIS Software হতে সুফল পাওয়া যাচ্ছে না। |
| ৪ | Hydrographic Automation & Online Data Display System. | চবক এর টাইডাল ডাটা সমূহ অটোমেটিক রেকর্ডিং এর মাধ্যমে ডাটা লগারের মেমোরীতে জমা হয়, যা সংশ্লিষ্ট অটো গেজ ষ্টেশনে গিয়ে ল্যাপটপের মাধ্যমে ডাটা ডাউনলোড করা হতো। কর্ণোফুলী নদীর বিভিন্ন পয়েন্টে অটো টাইড গেজ স্থাপন করা হয়েছে যা বন্দর ভবন হতে প্রায় ১৫-১৮ কিলোমিটার দূড়ে অবস্থিত। উক্ত টাইড গেজ স্টেশন সমূহ হতে পূর্বের পদ্ধতিতে ডাটা ডাউনলোড করতে ৪৮ থেকে ৭২ ঘন্টা সময়ের প্রয়োজন হতো। তাছাড়া প্রতিবার ডাটা ডাউনলোড করতে ১৫০০ হএত ২৫০০ টাকা খরচ হত। ডাটা ডাউনলোড করতে নূন্যতম ০২ জন গেজ রিডারকে ল্যাপটপ সহ প্রেরণ করা হতো। বর্তমান পদ্ধতিতে ডাটা ডাউনলোডের জন্য আর সংশ্লিষ্ট গেজ ষ্টেশনে যাওয়ার প্রয়োজন হয় না। বন্দর ভবন অথবা ইন্টারনেট সংযোগ বিদ্যমান যেকোনো জায়গা হতে অনলাইনে লগ ইন করে সংশ্লিষ্ট গেজ ষ্টেশন সমূহের ডাটা দ্রুততম সময়ে ডাউনলোড করা সম্ভব হচ্ছে। | ২০২২-২৩ | হাইড্রোগ্রাফী বিভাগ | উক্ত কাজটি প্রকল্পের আওতাভুক্ত বিধায় ইনোভেশন কার্যক্রম হিসেবে গন্য করা হবে না। |
| ৫ | চবক এর নৌ-প্রকৌশল বিভাগের পিআরএল গমণকারী কর্মকর্তা/ কর্মচারীগণের জন্য পিআরএল পরবর্তী করণীয় সম্পর্কিত চেকলিস্ট তৈরি। | উক্ত সিস্টেমটি চালু হলে চবক এর নৌ-প্রকৌশল বিভাগের পিআরএল গমণকারী কর্মকর্তা-কর্মচারীগণ তাদের পিআরএল পরবর্তী কি কি কার্যক্রম গ্রহণ করতে হবে তা উক্ত চেকলিস্ট হতে সহজে জানতে পারবেন এবং সে অনুযায়ী দ্রুত কার্য সম্পাদন করতে পারবেন। | ২০২২-২৩ | নৌ-প্রকৌশল বিভাগ | চবক এর সকল বিভাগে উক্ত বিষয়টি বাস্তবায়নের সুপারিশ করা হয়। |

**গৃহীত সিদ্ধান্ত-**

চবক এর নৌ-প্রকৌশল বিভাগের পিআরএল গমণকারী কর্মকর্তা/ কর্মচারীগণের জন্য পিআরএল পরবর্তী করণীয় সম্পর্কিত চেকলিস্ট তৈরির কাজটিকে যুগোপযোগী ও সময়োপযোগী হিসেবে আখ্যা দিয়ে ইনোভেটরকে ধন্যবাদ জানানো হয় এবং উক্ত কাজটির জন্য ইনোভেটরকে পুরষ্কৃত করার সুপারিশ করা হয়।

এছাড়া, গত ১৩/০৪/২০২৩ইং তারিখে সিস্টেমস এনালিস্ট, চবক কর্তৃক সকল বিভাগীয় প্রধান, চবক বরাবরে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য প্রেরিত চিঠির স্মরণিকা পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সেই সাথে সংশ্লিষ্ট বিভাগকে অর্জনযোগ্য, বাস্তবসম্মত এবং সাশ্রয়ী মূল্যের সেবা TCV (Time, Cost, Visit) কমিয়ে প্রণয়নের আহবান জানানো হয়। উল্লেখ্য, ইনোভেটরগণকে তাদের ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি/সমস্যা/চ্যালেঞ্জ সমূহ জানানোর জন্য প্রত্যেক সভায় হাজির থাকতে হবে।

সভায় আর কোনো আলোচ্য সূচী না থাকায় চবক ইনোভেশন টিমের উপস্থিত সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করা হয়।

২১/৭/২৩

**(মোঃ হাবিবুর রহমান)**
যুগ্ম-সচিব
সদস্য (এএন্ডপি) ও ইনোভেশন অফিসার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
map@cpa.gov.bd